

## চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ২১ তারিখ: ২৩ জুলাই ২০১৭ রোববার

### সর্বশেষ পরিস্থিতি

- ৯ এপ্রিল হতে ২৩ জুলাই ২০১৭ পর্যন্ত চিকুনগুনিয়া সনাক্তের জন্য আইইডিসিআর এ প্রাপ্ত রক্তের নমুনা পরীক্ষায় নিশ্চিত চিকুনগুনিয়ায় আক্রান্তের সংখ্যা ৭৯১ জন।
- আইইডিসিআর-এ দেশের বিভিন্ন জেলার সিভিল সার্জন ও মেডিকেল কলেজ হাসপাতাল হতে প্রাপ্ত সম্ভাব্য রোগীর সংখ্যা প্রেরণ করা হয়। সম্ভাব্য রোগীর সংজ্ঞাঃ যদি কোন ব্যক্তি জ্বর এবং গিরায় ব্যাথা বা প্রদাহ নিয়ে চিকিৎসকের নিকট আসেন তবে তিনি সম্ভাব্য রোগী হিসাবে বিবেচিত হয়েছেন। এ সব তথ্য পাবার পরে আইইডিসিআর নিয়ন্ত্রণ কক্ষ থেকে যাচাই-বাছাই করে রোগীর সংখ্যা চূড়ান্ত করা হয়েছে।

### ঢাকাস্থ অস্ট্রেলিয়ান দূতাবাসের কর্মকর্তার আইইডিসিআর ও চিকুনগুনিয়া নিয়ন্ত্রণ কেন্দ্র পরিদর্শন



আজ ২৩ জুলাই বাংলাদেশে অস্ট্রেলিয়া হাই কমিশনের ডেপুটি হেড অব মিশন মিজ স্যালি-অ্যান ভিনসেন্ট চিকুনগুনিয়া পরিস্থিতি এবং এটা নিয়ন্ত্রণে আইইডিসিআর-এর তৎপরতা সম্পর্কে অবহিত হতে আইইডিসিআর পরিদর্শনে আসেন। তাঁর সাথে ছিলেন মার্কিন যুক্তরাষ্ট্র সিডিসি'র বাংলাদেশ কার্যালয়ের ভারপ্রাপ্ত পরিচালক মিজ স্টেফানি দোয়ান। মিজ ভিনসেন্ট চিকুনগুনিয়া নিয়ন্ত্রণ কক্ষে দায়িত্বপ্রাপ্ত চিকিৎসকদের সাথে গভীর আগ্রহ নিয়ে আলোচনায় অংশ নেন। তিনি আইইডিসিআর-এর পরিচালক প্রফেসর মীরজাদী সেব্রিনা ফ্লোরার সাথে আলাদা ভাবে আলোচনা করেন।

### এডিস ইজিপ্টি ও এলবোপিষ্টাস মশার নানা তথ্য

- এডিস এলবোপিষ্টাস কম তাপমাত্রা সহ্য করতে পারে এডিস ইজিপ্টির তুলনায়।
- এডিস এলবোপিষ্টাস ঘরের বাইরে থাকতে পছন্দ করে, কিন্তু এডিস ইজিপ্টি ঘরের ভেতরে থাকতেই বেশী পছন্দ করে।
- এডিস ইজিপ্টি সাধারণতঃ মানুষের পেছন থেকে পায়ে গোড়ালী, হাতের কনুইতে কামড়িয়ে চলে যাবার পরে তা টের পাওয়া যায়। এরা রক্তের এক চুমুকে পেট ভরে ফেলে না। বার বার একের পর এক মানুষকে কামড়িয়ে এরা ক্ষুধা মেটায়। এডিস ইজিপ্টির এ স্বভাবের কারণে এরা খুব অল্প সময়ে বেশী মানুষকে কামড়িয়ে চিকুনগুনিয়া ভাইরাস দ্বারা মানুষকে সংক্রমিত করতে পারে। অন্যদিকে এডিস এলবোপিষ্টাস হচ্ছে বেশী আক্রমণাত্মক। এরা মানুষের শরীরে কামড়ানোর সময় অত কৌশলের ধার ধারে না, যে কোন জায়গাতে কামড়ায়।

জেলার নাম	সম্ভাব্য রোগীর মোট সংখ্যা (২৩/০৭/১৭ বিকেল ৩টা পর্যন্ত)	যাচাই-বাছাই শেষে মোট রোগীর সংখ্যা (২৩/০৭/১৭ বিকেল ৩টা পর্যন্ত)
দিনাজপুর	১	০
বগুড়া	৯	৫
জয়পুরহাট	১	০
বরিশাল	২	০
গোপালগঞ্জ	৯	১
ঢাকা জেলা*	১৮	৫
নরসিংদী	১৭	১২
মুন্সীগঞ্জ	১৪	২
নারায়নগঞ্জ	৭	০
গাজীপুর	৪	২
নেত্রকোনা	২	০
হবিগঞ্জ	৩	০
লক্ষ্মীপুর	৩	০
চট্টগ্রাম	১৭	৩
রাজশাহী	১	১
সর্বমোট	১০৭	৩১**

\*সিটি কর্পোরেশন ব্যতীত

\*\* এদের অনেকেরই ঢাকা মহানগরে ভ্রমণের ইতিহাস আছে ও এরা অধিকাংশ পোস্টচিকুনগুনিয়া আর্থাইটিস এ আক্রান্ত।

- আইডিসিআর হটলাইনে ঢাকা সহ সারা দেশ থেকে গত ৬ জুলাই থেকে ২৩ জুলাই বিকেল ৫টা পর্যন্ত সর্বমোট ফোনকল এসেছে ২১৬০ জনের। এর মধ্যে মোট সম্ভাব্য নতুন ও পুরোনো রোগী ১৭১১ জন। নতুন রোগী ৭৬৮ জন ও পুরোনো রোগী ৯৪৩ জন।

স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিশ্বায়িত জানতে এই ওয়েবসাইট ভিজিট করুন- [www.iedcr.gov.bd](http://www.iedcr.gov.bd) অথবা হটলাইনঃ ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১ ফোন করুন